ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৭৩৬
আগরতলা, ১৩ জানুয়ারি,২০২৬

**১৬-১৭ জানুয়ারি ৫৬-ধর্মনগর বিধানসভা কেন্দ্রের ই.ভি.এম. এবং ভি.ভি.প্যাটের ফার্স্ট লেভেল চেকিং**

৫৬-ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনকে সামনে রেখে আগামী ১৬ এবং ১৭ জানুয়ারি, ২০২৬ ই.ভি.এম. এবং ভি.ভি.প্যাটের ফার্স্ট লেভেল চেকিং (এফ.এল.সি.) অনুষ্ঠিত হবে। ধর্মনগরে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসকের অফিসে জাতীয় / রাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে এফ.এল.সি. করা হবে। বি.ই.এল. / ই.সি.আই.এল.-র ইঞ্জিনিয়ারদের উপস্থিতিতে উল্লেখিত ২ দিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত ই.ভি.এম. এবং ভি.ভি.প্যাটের এফ.এল.সি. করা হবে। ই.ভি.এম., ভি.ভি.প্যাটের ফার্স্ট লেভেল চেকিং উত্তর জেলার উপ-জেলা নির্বাচন আধিকারিকের (অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা) তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে। উত্তর জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা চাঁদনী চন্দ্রন এক প্রেস রিলিজে এই তথ্য জানিয়েছেন।

*****